বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন,৩, দিলকুশা বা/এ,ঢাকা-১০০০

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি

. নং	প্রদত্ত নির্দেশন	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
০৩.	নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরীতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারী কেন্দ্রীয় CETP তৈরী করে শিল্প মালিকদের সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে।	২৪-০৮-২০১৪ খ্রি.	নির্দেশন	➢ বিএসএফআইসি'র আওতাধীন '১৪ চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপন' শীর্ষক প্রকল্পটি জিওবি অর্থায়নে০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২০ পর্যন্ত মেয়াদে৮৫১০.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২২-০৫-২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। ➢ RADP এর বরাদ্দ অনুমোদন প্রাপ্ত হয় এবং প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের বিভাজন অনুমোদন হয় ৩য় কিস্তির টাকা অনুমোদন হয়েছে এবং অর্থছাড়ের জন্য প্রধান হিসাবরক্ষন কর্মকর্তা শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। DPP এর ক্রয় পরিকল্পনা অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে সরকারি প্রতিষ্ঠান হিসেবে বুয়েটের BRTC এর সাথে consultancy কাজের চুক্তি হয়েছে। ১৪টি চিনিকলে ইটিপি স্থাপন কাজের জন্য সাইট নির্বাচনচূড়ান্ত হয়েছে। ২১-০৪-২০১৯ তারিখে শিল্প মন্ত্রনালয়ের পত্র নং- ৩৬.০০.০০০০.০৮৩. ১৪.০৬০.১৯-১৬২(ক) অনুযায়ী ১৩৬.৭৫ লক্ষ টাকা অবমুক্তি করার নির্দেশনাপাওয়া গেছে।
০৮.	রাষ্ট্রায়াত্ব শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি-বিদেশি বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।	২৪-০৮-২০১৪ খ্রি.	নির্দেশন	➢ বিএসএফআইসি'র অধীন মিল প্রতিষ্ঠানে কোন অব্যবহৃত জমি নেই এবং কোন বন্ধ/বন্ধ প্রায় মিল প্রতিষ্ঠানও নেই।
১১.	শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানী বৃদ্ধি নিশ্চত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে দিতে হবে।	২৪-০৮-২০১৪ খ্রি.	নির্দেশন	➢ কেরু অ্যান্ড কোং (বিডি) লি. প্রতিষ্ঠানটির ডিষ্টিলারী ইউনিটের পণ্যের আহরণের হার হ্রাস পাওয়ার কারন খতিয়ে দেখা এবং উৎপাদিত ফরেন লিকার আন্তর্জাতিক মানে উন্নয়ন করে রপ্তানির লক্ষ্যে গবেষণা কার্যক্রমের জন্য শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড পলিমার সায়েন্স বিভাগের প্রফেসর ড. আবু ইউসুফ এর সাথে যোগাযোগ করা হয়। ➢ এর পরিপ্রেক্ষিতে তিনি উক্ত ইউনিটের স্পিরিট আহরণের হার ও স্পিরিটের গুনগতমান বৃদ্ধিকল্পে এক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একটি প্রোজেক্ট প্রপোজাল ২৩ অক্টোবর ২০১৮ তারিখে কেরু অ্যান্ড কোং (বিডি) লি. এর ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করেন। ➢ সে প্রেক্ষিতে প্রস্তাবিত প্রোজেক্ট প্রপোজালটি অত্র করপোরেশনের ০৬-০২-২০১৯ তারিখে ২৪০০ তম বোর্ড সভায় উপস্থাপন পূর্বক ১২.৮০ লক্ষ টাকা অনুমোদন প্রদান করা হয়েছে।
১২.	দেশে বিদ্যমান চিনিকল সমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা। মেয়াদ: জুলাই ২০১৩ হতে জুন ২০১৯।	২০-০৭-২০১৪ খ্রি.	নির্দেশন	➢ 'ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি পনর্গঠিত ডিপিপি৪৮৫৬২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ০৫-১২-২০১৬ তারিখে অনুমোদিত হয়। ➢ ইত:পূর্বে ০৩ (তিন) বার আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও কোন রেসপনসিভ দরপত্র পাওয়া যায়নি। ➢ পরবর্তীতে PIC সভার সুপারিশ মোতাবেক টেন্ডার ডকুমেন্টের কিছু Clause এর সংশোধন/পরিবর্তনের বিষয়ে ০১-০৮-২০১৮ তারিখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক TSM-1 এর জন্য ১৩-০৯-২০১৮ তারিখ ও TSM-2 এবং TSM-3 এর জন্য ১৬-০৯-২০১৮ তারিখ দরপত্র গ্রহণের দিন ধার্য্য করে পুনঃআন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়। ➢ Package (TSM-1,TSM-2 এবং TSM-3) এর জন্য দরদাতা কর্তৃক প্রদত্ত দর ডিপিপি বরাদ্দ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অনেক বেশি হওয়ায় এবং বর্তমান বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় দরপত্রসমূহ বাতিল করণের জন্য টিইসি

. নং	প্রদত্ত নির্দেশন	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
				সুপারিশ করে যা সংস্থার বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। বিষয়টি অবহিত করে শিল্প মন্ত্রণালয়ের পত্র প্রেরণ করা হয়। ➢ সর্বশেষ ০৪-০৩-২০১৯ তারিখে স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক টেন্ডার ডকুমেন্টের কিছু পরিবর্তন/সংশোধন করে ১০-০৩-২০১৯ তারিখে দরপত্র আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক Package TSM-1, TSM-2 এবং Package TSM-3 এর দরপত্র জমাদানের সর্বশেষ সময় যথাক্রমে ২৪-০৪-২০১৯ ও ২৫-০৪-২০১৯ তারিখ ১২.৩০ ঘটিকা। পরবর্তীতে টেন্ডার ডকুমেন্ট ক্রয়কারী বেশিরভাগ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে দরপত্র জমাদানের সর্বশেষ সময় বৃদ্ধি করে যথাক্রমে ০৯-০৫-২০১৯ ও ১২-০৫-২০১৯ তারিখ ১২.৩০ ঘটিকা নির্ধারণ করা হয়েছে ➢ এপ্রিল ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/অগ্রগতি: ১৪৫৯.৩৬ লক্ষ টাকা (১ম সংশোধিত প্রকল্পের ৩.০০%)। ভৌত অগ্রগতির হার: ১৭%।
১৩.	শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার পদে জনবল নিয়োগ।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশন	➢ আর্থিক সংকটের কারণে বিএসএফআইসি'র জনবল নিয়োগের বিষয়টি অনিষ্পন্ন রয়েছে। তবে বর্তমান চেয়ারম্যান দায়িত্ব গ্রহণের পর উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া চালু করার ব্যবস্থা নেয়া হয়েছে।
১৪.	সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা- জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার।	১২-০৪-২০০৯ খ্রি.		➢ চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়। ➢ আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষীদের মধ্যে বিতরণ করা হয়। পদ্মা অয়েল কোং লিঃ হতে কীটনাশক ক্রয় করা হয়। ➢ চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লিঃ, বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়। ➢ নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সেই অনুযায়ী কার্যক্রম গ্রহণ করাহয়। ➢ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।
২০.	চিনি আমদানি: বিএসএফআইসি বেসরকারি খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রমগ্রহণ করবে।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশন	➢ অনুমোদিত ১ লক্ষ (°১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ইতোমধ্যে ১০৭৭৯২.৭৯ মে.টন চিনি আমদানি করা হয়েছে এবং বিপণন অব্যাহত আছে। ০২-০৫-২০১৯ তারিখে পর্যন্ত ৫২,০৭৮.৮৫ মে.টন চিনি বিক্রয় করা হয়েছে। বর্তমান বিক্রয়ের জন্য চিনি মজুদ আছে ৫৫,৭১৩.৯৪ মে.টন।
২১.	চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা। মেয়াদ: ফেব্রুয়ারি ২০14 হতে জুন ২০১৯।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশন	➢ "নর্থ বেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" প্রকল্পের প্রজেক্ট ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডিজাইন কাজের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ প্রদান করা হয়। ➢ ইত:পূর্বে ০৩ (তিন) বার আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও কোন রেসপনসিভ দরপত্র পাওয়া যায়নি। ➢ পরবর্তীতে উক্ত বিষয়ে ০১-০৮-২০১৮ তারিখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক PPRএর ব্যত্যয় না ঘটিয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সুপারিশ মোতাবেক টেন্ডার ডকুমেন্ট পুনর্গঠন করা হয় এবং PPR-2008 এর প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক পুনরায় দরপত্র আহবান করে ০২-০৮-২০১৮ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ➢ বিজ্ঞপ্তি মোতাবেক Package-NBSM-1 এবং Package-NBSM-2 এর দরপত্র জমাদানের সর্বশেষ সময় যথাক্রমে ১৩-০৯-২০১৮ ও ১৬-০৯-২০১৮ তারিখে জমা নেওয়া হয়। দরপত্র মূল্যায়নের কাজ সম্পন্ন হয়েছে। দরপত্র মূল্যায়নে দরদাতা কর্তৃক

. নং	প্রদত্ত নির্দেশন	নির্দেশনা প্রদানের সময়	ধরণ	বাস্তবায়ন অগ্রগতি
				প্রদত্ত দর ডিপিপি ও দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় অপেক্ষা অনেক বেশি হওয়ায় দরপত্র বাতিল করা হয় এবং বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের অবহিত করা হয়। ➢ সর্বশেষ ০৪-০৩-২০১৯ তারিখে স্টিয়ারিং কমিটির ৬ সভার সিদ্ধান্ত মোতাবেক টেন্ডার ডকুমেন্টের কিছু পরিবর্তন/সংশোধন করে ১০-০৩-২০১৯ তারিখে দরপত্র আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক Package-NBSM-1 এবং NBSM-2 এর দরপত্র জমাদানের সর্বশেষ সময় যথাক্রম ২৪-০৪-২০১৯ ও ২৫-০৪-২০১৯ তারিখ ১২.৩০ ঘটিকা। পরবর্তীতে টেন্ডার ডকুমেন্ট ক্রয়কারী বেশিরভাগ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে দরপত্র জমাদানের সর্বশেষ সময় বৃদ্ধি করে যথাক্রমে০৯-০৫-২০১৯ ও ১২-০৫-২০১৯ তারিখ ১২.৩০ ঘটিকা নির্ধারণ করা হয়েছে। ➢ এপ্রিল ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয়/অগ্রগতি: ৯১০.০০ লক্ষ টাকা (১ম সংশোধিত প্রকল্পের ২.৮১%)। ভৌত অগ্রগতির হার: ১৬% ।
২২.	র-সুগার আমদানি।	১২-০৪-২০০৯ খ্রি.	নির্দেশন	➢ "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" এবং "নর্থ বেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন" প্রকল্পদ্বয়ের আওতায় বছরে প্রতিটিতে ৪০,০০০ মে.টন বিবেচনায় মোট ৮০,০০০ মে.টন পরিশোধিত চিনি উৎপাদনকল্পে প্রকল্প দুইটির স্থাপন কার্যক্রম চলমান রয়েছে।
২৪.	"রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে।"	২২ মে ২০১৮ তারিখে অনুষ্ঠেয় একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা	নির্দেশন	➢ বিএসএফআইসি'র অধীন কোন রুগ্ন শিল্প প্রতিষ্ঠান নেই। বর্তমানে১৫টি চিনিকল এবং ১টি ইঞ্জিনিয়ারিং কারখানাসহ মোট ১৬টি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। তন্মধ্যে কেরু এন্ড কোং (বিডি) লি. এবং রেনউইক, যজ্ঞশ্বের এন্ড কোং (বিডি) লি. এ প্রতিষ্ঠান দু'টো লাভজনক এবং বাকীগুলো অলাভজনক হিসেবে পরিচালিত হচ্ছে। ➢ এ অলাভজনক প্রতিষ্ঠানসমূহকে লাভজনক করার লক্ষ্যে ডাইভারসিফাইড পণ্য উৎপাদনের নিমিত্ত ঠাকুরগাঁও চিনিকল এবং নর্থবেঙ্গল চিনিকলে ২টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। ➢ ০৬-০৬-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৩৫৯ তম বোর্ড সভায় 'র' সুগার হতে চিনি উৎপাদনের জন্য পরীক্ষামূলকভাবে ৫টি চিনিকলে রিফাইনারি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ➢ "রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ এবং পাল্প প্লান্ট স্থাপন" শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই কার্যক্রম চলমান আছে। ➢ বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে ৫টি চিনিকলে প্রেসমাড হতে সিএনজি উৎপাদন ও বোতলজাত করে বিপণনের উদ্যোগ নেয়া হচ্ছে। এছাড়া মৎসচাষ, মাশরুম চাষ, গো-খাদ্য উৎপাদনসহ বিভিন্ন জাতের ফলের বাগান এবং ৫ চিনিকলের কৃষি খামার ও অন্যান্য চিনিকলের আখ আবাদের অনুপযোগী পতিত জমিতে বিভিন্ন ধরণের ফলমূল ও শাকসব্জি উৎপাদন ও বিপণন কার্যক্রম চলমান আছে।

---*---